গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন
www.brri.gov.bd

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.৪৮০

বিষয়: **বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের অক্টোবর/২০২৪ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

১.	২০২৪-২৫ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় অনুন্নয়ন কর্মসূচিসমূহের অক্টোবর/২০২৪ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৮/১১/২০২৪ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে সরাসরি/জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় পরিচালক (প্রশাসন ও সা.পরিচর্যা), উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, সকল প্রকল্প পরিচালক, বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
২.	উপস্থাপনঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা আতিয়া রোখসানা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।
৩.	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ গত ২০/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের কোন মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।
৪.	বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ
৪.১	৪.১.১ সভার শুরুতে প্রধান পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, ১৭ অক্টোবর/২৪ পর্যন্ত ব্রির চলমান প্রকল্পসমূহেরক্রয় পরিকল্পনার আওতায় নির্ধারিত ৪৪ টি দরপত্রের মধ্যে ৪২টি দরপত্রের আহবান এবং ২৭টি দরপত্রের কার্যাদেশ সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় সকল প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের অতি দ্রুত সকল দরপত্রের আহবান এবং কার্যাদেশ সম্পন্ন করতে পুনরায় নির্দেশ প্রদান করেন। এরপর প্রধান পরিকল্পনা কর্মকর্তা ব্রির চলমান প্রকল্পসমূহের ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বরাদ্দের আলোকে অক্টোবর/২৪ পর্যন্ত প্রকল্পভিত্তিক অগ্রগতিসহ গড় অগ্রগতি (ব্যয় ২৭.৩৮ কোটি টাকা, বরাদ্দের ৮.৩১%) উপস্থাপন করেন। এ পরিপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় পার্টনার এবং এলএসটিডি প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে পার্টনার প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের অধিকাংশ কাজ উন্নয়নধর্মী বিধায় দরপত্র প্রক্রিয়াকরণের সাথে সম্পৃক্ত তাই অর্থবছরের শুরুতে অগ্রগতি কম হলেও পরবর্তীতে ভৌত ও আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। এরপর এলএসটিডি প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, চলতি এডিপি বরাদ্দের বৃহৎ অংশ (৭০.১১%) জমি অধিগ্রহণের (পুরাতন এবং নতুন আঞ্চলিক কার্যালয়) জন্য বরাদ্দ, তাই জমি অধিগ্রহণের প্রক্রিয়া সম্পন্ন হলে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। তিনি আরও জানান ইতোমধ্যে সুনামগঞ্জ এবং কক্সবাজার আঞ্চলিক কার্যালয়ের ভূমি অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এরপর প্রধান পরিকল্পনা কর্মকর্তা প্রকল্পসমূহের প্রধান প্রধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় যান্ত্রিক প্রকল্পের প্রকল্প পরিচালককে লক্ষ্যমাত্রায় নির্ধারিত এড্যাপটিভ ট্রায়াল যথাসময়ে সম্পন্ন করতে এবং পার্টনার প্রকল্পের প্রকল্প পরিচালককে ট্রায়াল/প্রদর্শনীর বীজ দ্রুত আঞ্চলিক কার্যালয়ে পৌঁছানোর ব্যবস্থা করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় মন্ত্রণালয়ের নির্দেশনা এবং ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা সংশোধন করতঃ আর্থিক শৃঙ্খলা ও অঙ্গভিত্তিক বিভাজন মেনে বস্তুনিষ্ঠ উপায়ে স্বচ্ছতার সহিত ব্যয় করে সকল অঙ্গের ভৌত ও বাস্তব অগ্রগতি শতভাগ অর্জন করতে সকলপ্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন। এরপর মহাপরিচালক মহোদয় গবেষণার মাধ্যমে খাদ্য উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কৌলি সম্পদ ও বীজ, জীব প্রযুক্তি এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের ডিপিপি প্রণয়নের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে কৌলি সম্পদ ও বীজ বিভাগের প্রধান, জনাব ড. পার্থ সারথী বিশ্বাস ডিপিপি প্রণয়নের কাজ প্রায় শেষ এবং অতি দ্রুত পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে জমা দিবেন বলে সভাকে জানান। এছাড়া জীব প্রযুক্তি এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে বলে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ সভাকে জানান। এছাড়া মহাপরিচালক মহোদয় যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত যন্ত্রসমূহের প্যাটেন্ট করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে বিষয়টি অব্যাহত রাখতে এবং ব্রি কম্বাইন্ড হার্ভেস্টারের কার্যকারীতা এবং উপযোগীতা যাচাই করে একটি কারিগরি প্রতিবেদন প্রস্তুত করতে পুনরায় বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি/প্রকল্প পরিচালকগণকে করতে নির্দেশ প্রদান করেন।

৪.২	এরপর প্রধান পরিকল্পনা কর্মকর্তা মেকানাইজড ভিলেজে কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রমের অগ্রগতির উপর আলোকপাত করলে মহাপরিচালক মহোদয় যান্ত্রিক প্রকল্পের আওতায় স্থাপিত বিভিন্ন মেকানাইজড ভিলেজের উদ্যোক্তারা নিজ জমিতে কৃষি যন্ত্রপাতি নিজে ব্যবহার করছেন কিনা এবং পাশাপাশি স্থানীয় অন্যান্য কৃষকদের এ সর্ম্পকিত সেবা প্রদান করছেন কিনা সে বিষয়ে আলোচনা করেন। এরপর বরিশাল আঞ্চলিক কার্যালয়ের প্রধান জনাব ড. মুহাম্মদ আশিক ইকবাল খান বলেন, বরিশাল আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে নতুন করে বরগুনা জেলার আমতলী উপজেলায় মেকানাইজড ভিলেজের স্থান ও উদ্যোক্তা নির্বাচন করা হয়েছে এবং খুব শীঘ্রই সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং স্থানীয় এনজিও সিমিটের সাথে সমন্বয় করে মেকানাইজড ভিলেজের কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রম বাস্তবায়ন করবেন বলে সভাকে জানান। এছাড়া তিনি আঞ্চলিক কার্যালয়ের যান্ত্রিকীকরণের উপরও গুরুত্বারোপ করেন এবং এ লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণে বাজেট বৃদ্ধির আহবান জানান।
৪.৩	এরপর প্রধান পরিকল্পনা কর্মকর্তা রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রমের পরিদর্শন প্রতিবেদন উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় পরিদর্শনের সুপারিশের ভিত্তিতে এবং সকল নির্মাণ কাজের বাস্তবায়ন পর্যায়ে উপযুক্ত সময়ে পরিমিত কিউরিংসহ অন্যান্য বিষয় তদারকি বা দেখভাল করার জন্য বিভিন্ন স্তরের মনিটরিং কমিটির সদস্যসহ ব্যবহারকারী সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে নিয়মিত পরিদর্শন করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় পরিদর্শন প্রতিবেদন সঠিকভাবে প্রস্তুত করতে এবং পরিদর্শনকালে কাজের ত্রুটি-বিচ্যুতি পর্যবেক্ষণে বিস্তারিত উল্লেখসহ প্রতিবেদনের সুপারিশ/সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করতে সংশ্লিষ্টদের আবারও নির্দেশ প্রদান করেন।
৪.৪	নন-এডিপিভূক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন/বাস্তবায়োত্তর পর্যায়ে কৃষক বা কৃষি ক্ষেত্রে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখ করতে এবং বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভূক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং তার আউটপুট নিয়ে আলাদা করে সভা ও প্রেজেন্টেশনের আয়োজন অব্যাহত রাখতে হবে।
৪.৫	মহাপরিচালক মহোদয় ব্রি'র প্রতিটি আঞ্চলিক কার্যালয়কে শতভাগ যান্ত্রিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে যেসব আঞ্চলিক কার্যালয় পরিদর্শনপূর্বক (সোনাগাজী, বরিশাল, সাতক্ষীরা এবং রাজশাহী) যান্ত্রিকীকরণ সমস্যাসমূহ চিহ্নিত করে সমাধানের সুপারিশ করা হয়েছে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি কে নির্দেশ প্রদান করেন।
৪.৬	৪.৬.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনী পর্যায়ক্রমে প্রতিটি ব্লকে করতে ও প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের প্রভাব পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে অব্যাহত রাখতে নির্দেশ প্রদান করেন। এছাড়া সভায় বীজ ধানের অঙ্কুরোদগম হারের গুরত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং মহাপরিচালক মহোদয় আঞ্চলিক কার্যালয়সমূহকে প্রধান কার্যালয় অথবা অন্য কোথাও বীজ ধান প্রেরণের সময় যেন বীজের অঙ্কুরোদগম হারের বিষয়টি উল্লেখ থাকে সে ব্যাপারে নির্দেশনা প্রদান করেন।
	৪.৬.২ ব্রির রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মওসুমভিত্তিক কৃষকের মাঠে প্রতিটি প্রদর্শনীর তথ্য (কৃষকের নাম, মোবাইল নাম্বার, জাতের নাম, হেক্টর প্রতি ফলন এবং ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি) অবশ্যই পরিচালক (গবেষণা)সহ সংশ্লিষ্টদের নিকট সরবরাহ করতে মহাপরিচালক মহোদয় বিভাগ/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে পুনরায় নির্দেশ প্রদান করেন। এছাড়া কৃষকের মাঠে প্রদর্শনীর বিভিন্ন তথ্য মোবাইলে যাচাই করতে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তাগণকে মহাপরিচালক মহোদয় পুনরায় নির্দেশ প্রদান করেন।

৫. ২০২৪-২৫ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী অক্টোবর/২০২৪ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'তে ০৪টি প্রকল্প রয়েছে। চলমান ৪টি প্রকল্পের মোট এডিপি বরাদ্দ ৩২৯.৩০ কোটি টাকা। ৩টি প্রকল্প জিওবি অর্থায়নে এবং ১টি প্রকল্প জিওবি ও বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। অক্টোবর/২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭.৩৮ কোটি টাকা যা বরাদ্দের- ৮.৩১%। গত অর্থবছরে ২টি প্রকল্পে এডিপি বরাদ্দ ছিল ২৬.৭০ কোটি টাকা। অক্টোবর/২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ৬.১৫ কোটি টাকা যা বরাদ্দের- ২৩.০৩%। **২০২৪-২০২৫ অর্থবছরে ৩টি প্রকল্পে মোট ৪৪টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৪০টি দরপত্রের আহ্বান এবং৮টি কার্যাদেশ সম্পন্ন হয়েছে।**

(খ) ২০২৪-২০২৫ অর্থ বছরে দরপত্র অগ্রগতি

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	-	-	-	-
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	৮টি (পণ্য-৮টি)	৩.৩১	৮টি (পণ্য-৮টি)	-

১.৩ “Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) ” BRRI Component	১৮টি (পণ্য-৯টি, কার্য-৯টি)	৭৮.৩২	১৬টি (পণ্য- ৭টি, কার্য-৯টি)	৮টি (পণ্য-১টি, কার্য-৭টি)
১.৪ “নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন” (এলএসটিডি)	১৮টি (পণ্য-১৪টি, কার্য-২টি, সেবা-২টি)	৪০.০৩৮৯	১৬টি (পণ্য-১৪টি) সেবা-২টি)	-
সর্বমোট	৪৪টি (পণ্য-৩১টি, কার্য- ১১টি, সেবা- ২টি)	১২১.৬৬৮৯	৪০টি (পণ্য-২৯টি, কার্য-৯টি, সেবা-২টি)	৮টি (পণ্য-১টি, কার্য-৭টি, সেবা-)

(গ) ২০২৪-২০২৫ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

(কোটি টাকায়)

প্রকল্প/কর্মসূচির নাম	মোট এডিপি বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) অক্টোবর/২০২৪ পর্যন্ত	অক্টোবর /২০২৪ পর্যন্ত অগ্রগতি	গত বছরের অক্টোবর /২০২৩ পর্যন্ত সময়ে অগ্রগতি	অক্টোবর / ২০২৪ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৮.৭৩ (৮.৭৩) (-)	৩.৭৫৫ (৪৩.০১) ৩.৭৫৫ (৪৩.০১)	২.৫০(২৮.৬৪) ২.৫০(২৮.৬৪)	২.১৫(২০.৫৭) ২.১৫(২০.৫৭)	৩০.০০ %
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	৯.০০ (৯.০০) (-)	৪.৫০ (৫০.০০) ৪.৫০ (৫০.০০)	২.৩০(২৫.৫৬) ২.৩০(২৫.৫৬)	৪.০০(২৪.৬২) ৪.০০(২৪.৬২)	৩০.০০ %
১.৩ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER-BRRI Component)	১৫৬.২৭ (২৯.৫৮) (১২৬.৬৯)	৭৮.১০ (৪৯.৯৮) ১৪.৭৬ (৪৯.৯০) ৬৩.৩৪ (৫০.০০)	১৬.০৮(১০.২৯) ১.১৮(৩.৯৯) ১৪.৯০(১১.৭৬)	-	২৬.০০ %
১.৪ নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন	১৫৫.৩০ (১৫৫.৩০) (-)	২৩.১৯৩৪ (১৪.৯৩) ২৩.১৯৩৪ (১৪.৯৩)	৬.৫০ (৪.১৯) ৬.৫০ (৪.১৯)	-	২০.০০ %
উপমোট = ৪টি প্রকল্প	৩২৯.৩০ (২০২.৬১) (১২৬.৬৯)	১০৯.৫৪৮৪(৩৩.২৭) ৪৬.২০৮৪(২২.৮১) ৬৩.৩৪ (৫০.০০)	২৭.৩৮(৮.৩১) ১২.৪৮(৬.১৬) ১৪.৯০(১১.৭৬)	৬.১৫(২৩.০৩) ৬.১৫(২৩.০৩)	-
২. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১৩১.৮৫ (১৩১.৮৫) (-)	৬৫.৩৩৭৫(৪৯.৫৫) ৬৫.৩৩৭৫(৪৯.৫৫) (-)	৩২.২৭৭৫(২৪.৪৮) ৩২.২৭৭৫(২৪.৪৮) (-)	৩৮.৯২৫১ (৩১.৩৯) ৩৮.৯২৫১ (৩১.৩৯) (-)	২৭.০০ %
উপমোট	১৩১.৮৫ (১৩১.৮৫) (-)	৬৫.৩৩৭৫(৪৯.৫৫) ৬৫.৩৩৭৫(৪৯.৫৫) (-)	৩২.২৭৭৫(২৪.৪৮) ৩২.২৭৭৫(২৪.৪৮) (-)	৩৮.৯২৫১ (৩১.৩৯) ৩৮.৯২৫১ (৩১.৩৯) (-)	-
সর্বমোট (১+২)	৪৬১.১৫ (৩৩৪.৪৬) (১২৬.৬৯)	১৭৪.৮৮৫৯(৩৭.৯২) ১০৪.১৬৫৯(২২.৫৯) ৬৩.৩৪ (৫০.০০)	৫৯.৬৫৭৫(১২.৯৪) ৪৪.৭৫৭৫(১৩.৩৮) ১৪.৯০(১১.৭৬)	৪৫৫৪.৭০(২৯.০৮) ৪৫৫৪.৭০(২৯.০৮) (-)	-

(ঘ) নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

(Tk in Lakh)

Sl	Project title and No Period	Name of the PD/PI/ Coordinator	Source of Fund	Component/ Collaborative Org.	Total Project Cost	Progress up to October/2024 (%)
1	2	3	4	5	6	7
			Plant Breeding Division-5			
1	Transforming Rice Breeding in Bangladesh: Institutional Capacity Building (Second Phase) (BRRI-Part) (01 December 2019 to 31 December 2024)	Dr. Mohammad Khalequzzaman, Director General, BRRI	Bill and Melinda Gates Foundation (BMGF)	International Rice Research Institute (IRRI)	3364.00	3361.76 (99.93%)
2	Feed the Future Innovation Lab for Climate Resilient Cereals (CRCIL) (20 September 2023 to 29 September 2028)	Dr. Mohammad Khalequzzaman, Director General (Grade-2), BRRI	USAID	Kansas State University (KSU), USA	604.99	105.30 (17.41%)
3	IRRI NARES Breeding Networks Project (01 January 2024 to 31 December 2024)	Dr. Khandakar Md. Iftekharuddaula, CSO & Head, Plant Breeding Division	Bill and Melinda Gates Foundation (BMGF)	International Rice Research Institute (IRRI)	97.58	87.76 (89.94%)

4	BRRI-JIRCAS Collaborative Project (12 October 2023 to 15 March 2024)	Dr. KM Iftekharuddaula, CSO and Head, Plant Breeding Division, BRRI	Japan International Research Center for Agricultural Sciences (JIRCAS), Japan	Japan International Research Center for Agricultural Sciences (JIRCAS), Japan	7.07	7.07 (100.00%)
5	AFACI – Stress Tolerant High Yielding Rice (SHR+) Project- BRRI Part (2022-2025)	Dr. Md. Harunur Rashid, CSO and PI, BARC, Dhaka Dr. Md. Akhlasur Rahman, PSO and Co-PI, Plant Breeding Division, BRRI Gazipur	AFACI RDA, South Korea	BRRI R/S, Satkhira (Salinity) BRRI R/S Rangpur (Submergence)	36.00	25.38 (70.50%)
Irrigation and Water Management Division-5						
6	Productivity Enhancement through Improved Agricultural Water Management Technologies in the Haor Areas (PIWMH Project) (Jul 2023 to Dec 2024)	Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI	Dutch-Bangla Bank Limited	N/A	50.00	31.00 (62.00%)

7	Upscaling of Improved Water Management Practices for Sustainable Productivity in the Haor areas. (18 Nov 2021 to 17 Nov 2024)	Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI	KGF	N/A	58.25	39.00 (66.95%)
8	Securing the Food Systems of Asian Mega-Deltas for Climate and Livelihood Resilience (November 2022 to December 2024)	Dr. Debjit Roy, SSO, IWM Division, BRRI	IRRI	N/A	21.71	18.46 (85.03%)
9	Mitigating risk and scaling-out profitable cropping system intensification practices in the salt-affected coastal zones of the Ganges Delta (Nov 2021 to Oct 2024)	Dr. Priya Lal Chandra Paul, SSO, IWMD, BRRI	ACIAR, Australia & KGF, Bangladesh (KGF part only for BRRI & BARI)	BARI & Shushilan, Bangladesh; & CSSRI, BCKV and TSRD, India; CSIRO & MU, Australia	129.23 (1 AU$ = 65 BDT)	109.85 (85.00%)

10	Modeling climate change impact on agriculture and developing mitigation and adaptation strategies for sustaining agricultural production in Bangladesh (BRRI-Part) Dec 2020 to Nov 2024) (NCE: Dec 2023 to Nov 2024)	Dr. Munnujan Khanam, CASR, Director (Res.) Office, BRRI and Deputy Coordinator (BRRI part)	KGF	BARI, BSMRAU, BAU & KGF	1068.19 (BRRI Part-122.02)	122.02 (100.00%)
Entomology Division-2						
11	Insecticides Resistance and Resurgence Management of Tungro Disseminating Green Leafhopper Project (24 May/2023 to 23 May/2026)	Dr. Md. Nazmul Bari, PSO, Entomology Division, BRRI	KGF	GIFS, Canada	35.00	15.00 (42.86%)
12	Asia Regional FAW and BPH Diagnostics and Monitoring and Surveillance Program (November 2023 to September 2026)	Dr. Md. Mofazzel Hossain, CSO, Entomology Division, BRRI	AFACI, RDA, Korea	BARC(Lead)	8800 US $	-
GRS Division-2						

13	Development of Short Duration Cold Tolerant Rice (SDCTR) for Haor Areas of Bangladesh (SDCTR-Physiology) 5 Yrs (2020-21 to 2024-25)	Dr. Partha Sarathi Biswas, CSO, & Head Genetic Resources and Seed Division, BRRI Dr. Salma Pervin, CSO & Head, Plant physiology Division, BRRI	IRRI-KGF	Plant Physiology, BRRI R/S Habiganj	481.00	387.54 (80.57%)
14	OFANS-Rice Germplasm (GIFS-KGF) Project (17 Nov/2021 to 16 Nov/2024)	Dr. Md. Abubakar Siddique, SSO, GRS Division, BRRI	KGF	GIFS, Canada	73.425	48.27 (65.74%)
FMPHT Division-2						
15	Validation and up-scaling of rice transplanting and harvesting technology in the selected sites of Bangladesh (04/11/2021 to 03/11/2024)	Dr. Md. Anwar Hossen, PSO, FMPH TD, BRRI	KGF	N/A	90.37	71.24 (78.83%)
16	Dissemination of Prilled Urea Applicator to Boost-up Rice Production May/2024 to April/2025	Dr. Mohammad Kamruzzaman, SSO, FMPHT Division	NCC bank	BRRI	90.20	40.00 (44.44%)
Rice Farming Division-1						
17	Sustainable Intensification of the Mixed Farming Systems (SI-MFS) (January/2024 to December/2024)	Dr. Amina Khatun CSO, Rice Farming Systems Division, BRRI	IRRI	BARI BLRI	16.50	13.20 (80.00%)
Agricultural Economics Division-1						

18	Socio-economic Assessing of AWD on rice cultivation in Bangladesh (January 2024 to March-2026)	DR. Mohammad Chhiddikur Rahman, SSO, Agricultural Economics Division,BRRI	JIRCAS	Agricultural Economics Division, BRRI	39.60	4.60 (11.62%)
Agronomy Division-1						
19	Accelerating rice-based agri-food systems transformation for better sustainability, profitability and inclusiveness through promoting the adoption and up scaling of mechanized ratooning rice systems (TCP/RAS/3906) (14 March 2024- 31 August 2025)	Dr. Md. Shahidul Islam, CSO & Head, Agronomy Division	FAO	N/A	56.55	12.44 (22.00%)
ICT Cell -1						
20	Smart detection of rice disease and insects through 4IR (fourth Industrial Revolution) technologies (24 May/2023 to 23 May/2026)	Md. Mahfuz Bin Wahab, Programmer. ICT Cell, Agri. Stat. Div. BRRI	KGF	A2i (Aspire to Innovate)	35.00	14.96 (42.75%)
ARD Division-1						

21	Scaling-up Premium Quality Rice in Northern Region of Bangladesh Three years: 26 Oct 2021 to 25 Oct 2024	Dr. Biswajit Karmakar, PSO, ARD, BRRI	KGF	Agro-based Socio Economical Development Services (ASEDS), Sirajganj	74.992	62.49 (83.33%)
GQN Division-1						
22	Formulation of rice-based foods supplemented with anthocyanin-enriched fermented rice bran (OFANS Project component 4.1) (November/2021 to October/2025)	Dr. Habibul Bari Shozib, SSO, GQN, BRRI	KGF	BARC, GIFS (Canada) & NRC (Canada)	30.34	24.00 (79.10%)
Soil science Divison-2						
23	Feed the Future Bangladesh Climate Smart Agriculture Activity (CSA) April 2024 – March 2025	Dr. S. M. Mofijul Islam Dr. Md. Nazmul Islam	USAID	IFDC	42.20	14.98 (35.50%)
24	UKRI GCRF (UK Research and Innovation Global Challenges Research Fund) South Asian Nitrogen Hub for nitrogen management in Rice Production. NEC06636 (RPO25) November/2024-Augest/2025	Umme Aminun Naher, PSO, Soil Science Division, BRRI	UKRI, GCRF, GEF, UNEP, UK CEH (UK Centre For Ecology and Hydrology)	N/A	22.07	-

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ

১.	১.১ অতি দ্রুত চলমান প্রকল্পসমূহের ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের সকল দরপত্রের আহবান এবং কার্যাদেশ নিশ্চিত করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং সহকারী পরিচালক (সংগ্রহ)
	১.২ মন্ত্রণালয়ের নির্দেশনা এবং ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা সংশোধন করতঃ আর্থিক শৃঙ্খলা ও অঙ্গভিত্তিক বিভাজন মেনে বস্তুনিষ্ঠ উপায়ে স্বচ্ছতার সহিত সকল অঙ্গের ভৌত ও আর্থিক অগ্রগতি শতভাগ অর্জন করতে হবে।	সকল প্রকল্প পরিচালক
	১.৩ গবেষণার মাধ্যমে খাদ্য উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কৌলি সম্পদ ও বীজ, জীব প্রযুক্তি এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে দ্রুত ডিপিপি প্রণয়ন করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ
	১.৪ যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত যন্ত্রসমূহের প্যাটেন্ট করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিভাগীয় প্রধান এফএমপিএইচটি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
	১.৫ যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত ব্রি কম্বাইন্ড হার্ভেস্টারের কার্যকারীতা এবং উপযোগীতা যাচাই করে একটি কারিগরি প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	বিভাগীয় প্রধান এফএমপিএইচটি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
২.	মেকানাইজড ভিলেজে কার্যক্রম বাস্তবায়নে আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে নিয়মিত মেকানাইজড ভিলেজে কার্যক্রম পরিদর্শনসহ কৃষক/উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধি, প্রশিক্ষণ প্রদান, স্থানীয় বেসরকারী সংস্থা (এনজিও) সম্পৃক্তকরণ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতঃ উক্ত কার্যক্রম পরিচালনায় বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে সমন্বয় করতে হবে।	আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
৩.	৩.১ প্রকল্প/রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কাজের ভৌত পরিমাণ ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে স্পেসিফিকেশন যাচাই বাছাই এবং বাস্তবায়ন পর্যায়ে উপযুক্ত সময়ে পরিমিত কিউরিংসহ অন্যান্য বিষয় তদারকি বা দেখভাল করার জন্য বিভিন্ন স্তরের মনিটরিং কমিটির সদস্যসহ ব্যবহারকারী সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে বাস্তবায়াধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন এবং পরিদর্শনকালে নির্মাণাধীন কাজে কোন ত্রুটি পাওয়া গেলে তা ভেঙ্গে পুনরায় নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট বিভাগ/আঞ্চলিক কার্যালয় প্রধান এবং মনিটরিং কমিটি
	৩.২ পরিদর্শন প্রতিবেদন সঠিকভাবে প্রস্তুত করতে এবং পরিদর্শনকালে কাজের ত্রুটি-বিচ্যুতি পর্যবেক্ষণে বিস্তারিত উল্লেখসহ প্রতিবেদনের সুপারিশ/সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, এবং মনিটরিং কমিটি
৪.	নন-এডিপিভূক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন/বাস্তবায়নোত্তর পর্যায়ে কৃষক বা কৃষি ক্ষেত্রে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখসহ বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভূক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং তার আউটপুট নিয়ে বিভাগভিত্তিক আলাদা করে সভা ও প্রেজেন্টেশনের আয়োজন করতে হবে।	পরিচালক (গবেষণা), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ এবং নন-এডিপিভূক্ত প্রকল্প পরিচালকগণ
৫.	ব্রি'র প্রতিটি আঞ্চলিক কার্যালয়কে শতভাগ যান্ত্রিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে যেসব আঞ্চলিক কার্যালয় পরিদর্শনপূর্বক (সোনাগাজী, বরিশাল, সাতক্ষীরা এবং রাজশাহী) যান্ত্রিকীকরণ সমস্যাসমূহ চিহ্নিত করে সমাধানের সুপারিশ করা হয়েছে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি
৬.	৬.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনী পর্যায়ক্রমে প্রতিটি ব্লকে করতে ও প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের প্রভাব পরিচালক (গবেষণা) এর তত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে অব্যাহত রাখতে হবে।	পরিচালক (গবেষণা), ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ
	৬.২ ব্রির রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মওসুমভিত্তিক কৃষকের মাঠে প্রতিটি ট্রায়াল/প্রদর্শনীর তথ্য (কৃষকের নাম, মোবাইল নাম্বার, জাতের নাম, হেক্টর প্রতি ফলন এবং ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি অবশ্যই পরিচালক (গবেষণা) সহ সংশ্লিষ্টদের নিকট সরবরাহ এবং প্রদর্শনীর বিভিন্ন তথ্য মোবাইলে যাচাই করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, এবং সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তাগণ

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-১১-২০২৪
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০ (ফোন)
৪৯২৭২০০০ (ফ্যাক্স)
dg@brri.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সকল বিভাগ/শাখা/আঞ্চলিক কার্যালয় প্রধান, ব্রি।
২। প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালকগণ, ব্রি।
৩। নন এডিপি প্রকল্প পরিচালকগণ, ব্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.৪৮০/১ (৩)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রশাসনিক কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
২। পিএ (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৩। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

২৭-১১-২০২৪
আতিয়া রোখসানা
প্রিন্সিপাল প্লানিং অফিসার